

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নিবন্ধন অধিদপ্তর  
১৪, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।  
www.rd.gov.bd

স্মারক নং- ১০.০৫.০০০০.০০১.৯৯.০০০১.২৬-

তারিখঃ-

বিষয়ঃ- নিবন্ধন অধিদপ্তরের সমস্যা সমাধান ও সম্ভাবনা শীর্ষক কর্মশালায় অনুপস্থিত থাকায় কৈফিয়ত তলব প্রসঙ্গে।

সূত্রঃ- নিবন্ধন অধিদপ্তরের ০৭-০৫-২০২৬ খ্রি. তারিখের ১০.০৫.০০০০.০০০.১৮.২৫.০০০৩.২৬-৪৬(৫৬৬) নং স্মারক।

যেহেতু আপনারা (১) জনাব পরিতোষ কুমার অধিকারী, সাব-রেজিস্ট্রার, পত্নীতলা, নওগাঁ, (২) জনাব সোলায়মান আলী, সাব-রেজিস্ট্রার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা, (৩) জনাব তোফাজ্জল হোসেন, সাব-রেজিস্ট্রার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও (৪) জনাব রওশন সাদিয়া, সাব-রেজিস্ট্রার, মুরাদনগর, কুমিল্লা (বর্তমানে সাব-রেজিস্ট্রার, গুনবতি, কুমিল্লা)। জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারগণের জন্য কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ (KIB) খামার বাড়ি, ফার্মগেট ঢাকা (কনভেনশন হল-২, লেভেল-৬) এ “নিবন্ধন অধিদপ্তরের সমস্যা, সমাধান ও সম্ভাবনা” শীর্ষক কর্মশালা ১৬-০৫-২০২৬ খ্রি. তারিখে দিনব্যাপী অনুষ্ঠিত কর্মশালায় অনুপস্থিত ছিলেন।

যেহেতু আপনি কর্মশালায় অনুপস্থিতির বিষয়ে কোন আবেদন / কোন তথ্য জেলা রেজিস্ট্রারের কার্যালয় কিংবা নিবন্ধন অধিদপ্তরের প্রেরণ করেননি। সরকারি কর্মচারী হিসাবে উর্ধতন কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত আদেশ অমান্য সহ সরকারি কাজের প্রতি চরম অবহেলা প্রদর্শন করেছেন, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ধারা অনুযায়ী অসদাচরণ, যা শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু উক্ত রূপ অসদাচরণ মূলক কর্মকাণ্ডের জন্য কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধতন কর্তৃপক্ষের বরাবর সুপারিশ করা হবে না, তার সন্তোষজনক জবাব অত্র পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ-/  
(কাজী আবদুল হান্নান)  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ, ঢাকা।  
ফোনঃ ৪১০৫০১৮৫


- ১) জনাব পরিতোষ কুমার অধিকারী, সাব-রেজিস্ট্রার, পত্নীতলা, নওগাঁ।
- ২) জনাব সোলায়মান আলী, সাব-রেজিস্ট্রার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
- ৩) জনাব তোফাজ্জল হোসেন, সাব-রেজিস্ট্রার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
- ৪) জনাব রওশন সাদিয়া, সাব-রেজিস্ট্রার, মুরাদনগর, কুমিল্লা (বর্তমানে সাব-রেজিস্ট্রার, গুনবতি, কুমিল্লা)।

স্মারক নং- ১০.০৫.০০০০.০০১.৯৯.০০০১.২৬- ৪০৬/২ (৫)

তারিখঃ- ০৬.০৬.২০২৬ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপ মহা-পরিদর্শক, নিবন্ধন অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা রেজিস্ট্রার, নওগাঁ/গাইবান্ধা/সুনামগঞ্জ/কুমিল্লা, উক্ত কর্মকর্তার নিকট হতে চাহিত কৈফিয়তের জবাব আহরণক্রমে স্বীয়মতামতসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ জন্য বলা হলো।
- ৩। অফিস কপি।

  
(কাজী আবদুল হান্নান)  
মহা-পরিদর্শক, নিবন্ধন  
বাংলাদেশ, ঢাকা।